45 83

তারিখ ৩ OCT 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

দৈনিক জনকণ্ঠ

## প্রসঙ্গ ছাত্রীদের ঈর্ষণীয় সাফল্য বিষয়ক খবর

দৈনিক জনকণ্ঠ ইতোমধ্যে বেশ জনপ্রিয়তা লাভ করেছে। আমাদের কলেজেও আমরা তা নিয়মিত পাঠ করে থাকি। একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ না করে পারছি না, তা হলো গত ২২ অক্টোবর '৯৫ তারিখে দৈনিক জনকণ্ঠে প্রকাশিত "ছাত্রীদের ঈর্ষণীয় সাফল্য" শিরোনামে প্রকাশিত সংবাদের এক জায়গায় একটি ভুল তথ্য ছাপানো হয়েছে। তথ্যটি হলো "সারা দেশে বিজ্ঞান গ্রুপে ক্যাডেট কলেজের ছেলেরা যত ভাল করেছে তত খারাপ করেছে মানবিক ও বাণিজ্য গ্রুপে"।

বাংলাদেশে দশটি ক্যাডেট কলেজ রয়েছে। কোন ক্যাডেট কলেজেই বাণিজ্য গ্রুপ নেই। প্রতিটি ক্যাডেট কলেজ থেকে গড়ে ৫০ জন পরীক্ষার্থী এসএসসি/এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। বেশিরভাগ ক্যাডেট বিজ্ঞান বিভাগে লেখাপড়া করে। ৫০ জনের মধ্যে কোন কলেজে ৪ থেকে ৫ জন ছাত্র মানবিক বিভাগে থাকে। কোন কলেজে মোটেই থাকে না, সবাই বিজ্ঞান বিভাগে থাকে। তাই দশটি ক্যাডেট কলেজ হতে চারটি বোর্ডে সর্বমোট অংশগ্রহণকারী ৫০০ জন ছাত্রের মধ্যে প্রায় ৪৫০ জনই বিজ্ঞান বিভাগের ছাত্র ও প্রায় ৫০ জন মানবিক বিভাগের ছাত্র। চার বোর্ডের প্রায় ছয় লাখ পরীক্ষার্থীর মধ্যে এ সংখ্যা খুবই নগণ্য নয় কি? এছাড়া মেধা তালিকায় স্থান পাওয়াটাই ভাল ফলের মাপ কাঠি নয়। এর মধ্যে কতজন স্টার মার্ক পেল, কত জন প্রথম বিভাগ পেল, কতজন দ্বিতীয় বিভাগ পেল ও কতজন ফেল করল সেটাই ভাল ও খারাপ ফলের মাপকাঠি। ফলে দেখা যায় যে, অনেক ক্যাডেট ২ থেকে ৮ নম্বরের জন্য মেধা তালিকায় স্থান অর্জন করার সুযোগ পায় না। তাই বলে তাদের ফলতো খারাপ বলা যায় না।

তাই উক্ত বিষয়ে সংবাদ পরিবেশনের সময় ভবিষ্যতে যাতে একটু যত্ন নেয়া হয় তার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

লেঃ কর্নেল খন্দকার ওবায়দুল আনোয়ার এইসি
অধ্যক্ষ, রংপুর ক্যাডেট কলেজ, রংপুর।